অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ভেটেরান দিবসে ভেটেরানদের ও তাদের পরিবারের সুরক্ষা ও সহায়তা প্রদানের জন্য গভর্নর হোকলের আইনি প্যাকেজে স্বাক্ষর

S.7124A/A.7388B আইনটি ভিয়েতনাম যুদ্ধের সময়ে সেবায় নিয়োজিত থাকা ভেটেরানের সংজ্ঞাকে সমর্থন করে

S.3623/A.7514 আইনটি সামরিক বাহিনীতে কর্মরত স্বামী বা স্ত্রী সামরিক স্থানান্তরের সম্মুখীন হলে সেক্ষেত্রে স্ত্রী বা স্বামীর জন্য বেকারত্ব সংক্রান্ত সুবিধাসমূহ গ্রহণ করার অনুমতি দেয়

S.701A/A.1140A আইনটি এই স্টেটের সব মহিলা ভেটেরানকে খুঁজে বের করা, তাদেরকে শিক্ষা প্রদান করা, এবং সমর্থন দেয়ার ক্ষেত্রে ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস (Division of Veterans' Services)-কে সমর্থন দেয়া ও সহায়তা করার জন্য মহিলা ভেটেরানদের জন্য পরামর্শ কমিটি (Women Veterans Advisory Committee) গঠন করে

S.3638/A.7472 আইনটি ভেটেরানদের কর্মসংস্থান সংক্রান্ত সুযোগ-সুবিধা সম্পর্কিত একটি টাস্ক ফোর্স প্রতিষ্ঠা করে

S.2977A/A.6100A আইনটি গৃহহীনদের আশ্রয়কেন্দ্র ও নার্সিং হোমগুলোর জন্য তাদের বাসিন্দারা ভেটেরান কিনা তা নির্ণয় করা আবশ্যক করেছে যাতে তাদেরকে সুযোগ-সুবিধার সাথে সংযুক্ত করে দেয়া যায়

S.7125/A.2658 আইনটি ওয়েস্টচেস্টার কাউন্টিকে ভেটেরানদের সংস্থাগুলোর জন্য ফি মওকুফ করে দেয়ার অনুমতি প্রদান করে

S.6452/A.3920 আইনটি ভেটেরানদের ও রিজার্ভিস্টদের ড্রাইভিং লাইসেন্স পাওয়ার বা নবায়নের জন্য আবেদন করলে সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য পাওয়ার সুযোগ করে দেয়

S.5245A/A.6249A আইনটি দায়িত্ব পালনে সক্রিয় থাকা সার্ভিস মেম্বারদের স্বামী বা স্ত্রী ও সন্তানদের জন্য SUNY ও CUNY-তে স্টেটের অভ্যন্তরে অবস্থানরত হিসেবে টিউশন অব্যাহত রাখার সুযোগ করে দেয়

S.5743A/A.6528A আইনটি যেসব শিক্ষার্থীর বাবা বা মা অথবা অভিভাবক সামরিক আদেশের অধীনে এই স্টেটে স্থানান্তর হচ্ছেন, তাদের জন্য অপেক্ষাকৃত দ্রুত স্কুলে ভর্তি হওয়ার সুযোগ করে দেয়

S.5543A/A.7685 আইনটি MERIT স্কলারশিপ পাওয়ার উপযুক্ততা সম্প্রসারণ করে

S.763/A.5447 আইনটি সিভিল সার্ভিসে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে বাড়তি ক্রেডিট পাওয়ার জন্য ভেটেরানদের উপযুক্ততা সম্প্রসারণ করে

S.6535/A.4089 আইনটি ফেরি অপারেটরদের জন্য ইউনিফর্ম পরিধানকারী সৈনিক, নাবিক ও মেরিনদের ফি ছাড়া পারাপার করার অনুমতি দেয়

সাম্প্রতিক সময়ে রেভারেন্ড ভিভিয়ানা ডি কোহেন-এর নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস-এর ডিরেক্টর হিসেবে নিয়োগের পর এটি ঘটছে

ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ভেটেরানদের ও তাদের পরিবারের সুরক্ষা ও সহায়তা প্রদানের জন্য একটি আইনি প্যাকেজে স্বাক্ষর করেছেন

"আমাদের সক্রিয় সার্ভিস সদস্য ও ভেটেরানরা আমাদের গণতন্ত্র ও স্বাধীনতাকে সুরক্ষিত রাখার নৈতিক দায়িত্ব পালন করেছেন, এবং এখন আমাদের দায়িত্ব হলো তাদেরকে ও তাদের পরিবারগুলোকে সহায়তা করা," **বলেছেন গভর্নর হোকল।** "আজ এই বিলগুলোতে স্বাক্ষর করে এগুলোকে আইনে পরিণত করার মাধ্যমে, আমরা ভেটেরানদের এবং সক্রিয়ভাবে দায়িত্বে নিয়োজিত সামরিক বাহিনীর সদস্যরা যাতে নিজেদের ও তাদের পরিবারগুলোর সবচেয়ে ভালোভাবে দেখাশোনা করার জন্য তাদের প্রয়োজনীয় সুবিধাসমূহ ও সংস্থানগুলো, এবং তাদের পরিস্থিতির জন্য আবশ্যক নমনীয়তা পান তা নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণ করছি। নিউ ইয়র্কের ভেটেরানরা আমাদের পাশে দাঁড়িয়েছিলেন, আর আমরা তাদের পাশে দাঁড়ানো অব্যাহত রাখবো।"

S.7124A/A.7388B আইনটি ভিয়েতনাম যুদ্ধ শুরুর তারিখ 28 ফেব্রুয়ারি, 1961 থেকে পরিবর্তন করে 1 নভেম্বর, 1955 করেছে। এই পরিবর্তন ফেডারেল ও স্টেট সরকার কর্তৃক স্বীকৃত পূর্বের তারিখেরও আগে ভিয়েতনাম প্রজাতন্ত্রে আমেরিকান সামরিক বাহিনীর উপস্থিতির বিষয়টি স্বীকার করে। এই নতুন আইন স্বাক্ষরের মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেটের আইন ফেডারেল সরকারকে মেনে চলছে এবং নিউ ইয়র্ক স্টেটের ভিয়েতনাম ভেটেরানরা যাতে যুদ্ধের সময়ে দায়িত্ব পালন করার কারণে তাদের প্রাপ্য স্বীকৃতি পান তা নিশ্চিত করবে।

S.3623/A.7514 আইনটি যেসব ব্যক্তি সামরিক আদেশের কারণে স্থানান্তর হওয়া স্বামী বা স্ত্রীকে সঙ্গ দেয়ার উদ্দেশ্যে স্বেচ্ছায় নিজেদের চাকরি ছেড়ে দিয়েছেন তাদের বেকারত্ব সংক্রান্ত সুবিধাসমূহ পাওয়ার জন্য যোগ্য হওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

S.701A/A.1140 আইনটি মহিলা ভেটেরানদের জন্য পরামর্শক কমিটি তৈরি করছে যার উদ্দেশ্য হবে নিউ ইয়র্ক স্টেটের সব মহিলা ভেটেরানকে খুঁজে বের করা, শিক্ষা প্রদান করা, ও তাদের পক্ষাবলম্বন করার জন্য ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেসকে সমর্থন ও সহায়তা প্রদান করা। এই কমিটি বারজন সদস্য নিয়ে গঠিত হবে: গভর্নর ছয়জনকে, সিনেটের অস্থায়ী প্রেসিডেন্ট দুইজনকে, অ্যাসেম্বলির স্পিকার দুইজনকে, সিনেটের সংখ্যালঘু অংশের নেতা একজনকে, এবং অ্যাসেম্বলির সংখ্যালঘু অংশের নেতা একজনকে নিয়োগ দিবেন। নিয়োগপ্রাপ্তকে অবশ্যই কোনো শাখার, যেমন রিজার্ভ শাখার, এমন মহিলা ভেটেরান হতে হবে, যিনি সম্মানের সাথে অবসর গ্রহণ করেছেন অথবা যিনি উপযুক্ততার শর্ত পূরণ করেন।

S.3638/A.7472 আইনটি ভেটেরানদের কর্মসংস্থানের সুযোগ সম্পর্কিত একটি টাস্ক ফোর্স প্রতিষ্ঠা করে। এই গ্রুপটি বার্ষিকভাবে প্রকাশ্য শুনানির আয়োজন করার ও স্টেট কিভাবে ভেটেরানদের অর্থপূর্ণ কর্মসংস্থানের সুযোগ খুঁজে পেতে ও ধরে রাখতে সাহায্য করতে পারে সে সম্পর্কিত সুপারিশমালা আইন প্রণয়নকারী সংস্থার কাছে প্রদানের দায়িত্ব পালন করবে। এই টাস্ক ফোর্স স্টেট সরকার, বেসরকারি খাত ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর স্টেকহোল্ডারদের নিয়ে গঠন করা হবে।

S.2977A/A.6100A আইনটি সব নার্সিং হোম, অ্যাসিস্টেড লিভিং ফ্যাসিলিটি বা গৃহহীনদের আশ্রয়কেন্দ্রের জন্য ভর্তি বা আবাসনের অন্তর্ভুক্তি ফরমে লোকজনকে তারা বা তাদের স্বামী বা স্ত্রী কখনো সামরিক বাহিনীতে কর্মরত ছিলেন কিনা তা জিজ্ঞেস করার বিষয়টি আবশ্যক করেছে। ভেটেরানদের অথবা ভেটেরানদের স্বামী বা স্ত্রীদের শনাক্ত করা স্টেটের জন্য এসব ব্যক্তিকে তাদের অর্জিত ও প্রাপ্য সুবিধাগুলো পেতে সাহায্য করার সুযোগ করে দেয়।

S.7125/A.2658 আইনটি ওয়েস্টচেস্টার কাউন্টিকে ভেটেরানদের সংস্থাগুলোর জন্য নির্দিষ্ট কিছু ফি মওকুফ করে দেয়ার অনুমতি প্রদান করে। এই মওকুফ এলাকার মধ্যে ভেটেরানদের পোস্টগুলো গড়ে তোলা ও উন্নত করা সহজতর করে যাতে ভেটেরানরা সক্রিয় বাহিনীর সদস্য হিসেবে দায়িত্ব পালনের সময়ের মতোই একটি কমিউনিটির অংশ হওয়ার অনুভূতির অভিজ্ঞতা পেতে সক্ষম হন।

S.6452/A.3920 আইনটি ভেটেরানদের ও রিজার্ভিস্টদের ড্রাইভিং লাইসেন্স পাওয়ার জন্য বা নবায়নের জন্য আবেদন করার পরে সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য পাওয়ার সুযোগ প্রদান করে। এটি ভেটেরানদের ফেডারেল ও স্টেট আইনের অধীনে তারা পাওয়ার অধিকারী হতে পারেন এমন সুবিধাগুলো সম্পর্কে সচেতন হওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

S.5245A/A.6249 আইনটি নিউ ইয়র্কে স্থানান্তর হওয়ার পরে সক্রিয়ভাবে দায়িত্ব পালনকারী বাহিনীর সদস্যদের স্বামী বা স্ত্রী ও সন্তানদের জন্য SUNY ও CUNY-এর কলেজগুলোতে স্টেটের অভ্যন্তরে অবস্থানকারী হিসেবে টিউশন অব্যাহত রাখার সুযোগ প্রদান করে।

S.5743A/A.6528 আইনটি সামরিক আদেশের অধীনে স্থানান্তর হওয়া সামরিক বাহিনীর সদস্যদের পরিবারের শিশুরা যেসব স্কুলের শিক্ষার্থী হতে যাচ্ছে সেসব স্কুলে তাদেরকে প্রাথমিকভাবে ভর্তি হওয়ার সুযোগ করে দিবে। এই অগ্রিম ভর্তি সাবলীলভাবে স্থানান্তর নিশ্চিত করে এবং স্কুল বর্ষ চলাকালীন সময়ে ক্লাস মিস করা ও কোর্স পরিবর্তন করার মানসিক চাপ থেকে মুক্তি দেয়।

S.5543A/A.7685 আইনটি বাহিনীর সদস্যদের সন্তান ও স্বামী বা স্ত্রীর জন্য স্কলারশিপ পাওয়ার উপযুক্ত হওয়ার জন্য 2 আগস্ট, 1990 তারিখে এবং তারপরে সামরিক দায়িত্ব পালনরত অবস্থায় থাকার বর্তমান শর্তটি অপসারণ করার মাধ্যমে স্টেটের মিলিটারি এনহ্যান্সড রিকগনিশন, ইনসেন্টিভ এন্ড ট্রিবিউট (Military Enhanced Recognition, Incentive and Tribute, MERIT) স্কলারশিপকে নিহত ও অক্ষম হয়ে যাওয়া বাহিনীর সদস্যদের সব পরিবারের জন্য লভ্য করে দেয়ার মাধ্যমে এটিকে সম্প্রসারণ করেছে।

S.763/A.5447 আইনটি শুধু কমব্যাট ভেটেরানরা ক্রেডিট অর্জন করতে পারবে এই সীমাবদ্ধতা অপসারণ করার মাধ্যমে বাহিনীতে দায়িত্ব পালনকারী সব পুরুষ ও মহিলাকে সিভিল সার্ভিসে নিয়োগ ও পদোন্নতির জন্য ক্রেডিট অর্জনের সুযোগ করে দেয়।

S.6535/A.4089 আইনটি কোনো কাউন্টির তত্ত্বাবধানকারী বোর্ডকে উক্ত কাউন্টির মধ্যে চলাচলকারী ফেরিগুলোর জন্য যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীর যেকোনো ইউনিফর্মধারী সদস্যকে তাদের তালিকাভুক্তির সময়ে বিনামূল্যে পরিবহন সুবিধা প্রদান করা আবশ্যক করার সুযোগ করে দেয়। এই ফি মওকুফ আমাদের দেশের সেবাকারী পুরুষ ও মহিলাদের প্রতি কৃতজ্ঞতার প্রকাশ।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "ভেটেরানদের কন্যা ও বোন হিসেবে সব ভেটেরানের জন্য আমার অন্তরে একটি বিশেষ স্থান রয়েছে। আমাদের ভেটেরান ও সক্রিয় সামরিক বাহিনীর কর্মীরা আমাদের জাতির স্বাধীনতা রক্ষা ও সংরক্ষণের জন্য সাহসী ত্যাগ স্বীকার করেছেন। তারা সেবা করার আহবানে সাড়া দিয়েছেন এবং আমরা তাদের প্রতি কৃতজ্ঞতার ঋণে আবদ্ধ। ভেটেরানদের জন্য তাদের অর্জিত এই পরিষেবা ও সহায়তা প্রদানে সাহায্য করতে ভেটেরান দিবসে এই বিল প্যাকেজে স্বাক্ষর করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। ভেটেরানদের নাগরিক জীবনে ফিরে আসাকে সহজতর করাটা সিনেটের গণতান্ত্রিক সংখ্যাগরিষ্ঠ অংশের একটি শীর্ষ অগ্রাধিকার, এবং এই বিলগুলো সেটিকে এগিয়ে নিয়ে যাবে।"

সিনেটর জন ই. ব্রুক বলেন, "এই দিনে আমরা আমাদের সশস্ত্র বাহিনীর ভেটেরান হিসেবে সবচেয়ে সম্মানজনক উপায়ে আমাদের দেশের সেবা করে যাওয়া ব্যক্তিদের স্বীকৃতি দেয়ার জন্য থামছি। এসব পুরুষ ও মহিলা আমেরিকান হিসেবে আমরা যে স্বাধীনতা উপভোগ করছি

তার সুরক্ষার জন্য নিজেদের নিয়োজিত করেছেন এবং ভেটেরান্স কমিটির সভাপতি হিসেবে NYS সিনেটে তাদের পক্ষে দাঁড়াতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করছি। আমাদের ভেটেরানদের এই অনন্য চাহিদাগুলোর দিকে নজর দেয়ায় এবং এই গুরুত্বপূর্ণ লেজিসলেশনগুলোকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে তাদের প্রতি সম্মান প্রদর্শন করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

সিনেটর শেলি বি. মায়ের বলেন, "ভেটেরানদের সংস্থাগুলো আমাদের ভেটেরান কমিউনিটিকে সেবা দেয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই আইন, আমি সিনেটে যার পৃষ্ঠপোষকতা করেছিলাম, ওয়েস্টচেস্টার কাউন্টিকে ভেটেরানদের সংস্থাগুলোর মূলধন উন্নয়নের সাথে সম্পর্কিত ফি মওকুফ করার অনুমতি প্রদান করবে এবং তাদের সুযোগ-সুবিধার ক্ষেত্রে বিনিয়োগ করাটা তাদের জন্য সহজতর করবে -- যার মধ্যে বয়স্ক ভেটেরানদের জন্য অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করাও অন্তর্ভুক্ত রয়েছে। ভেটেরানদের একত্রিত হওয়া এবং সক্রিয় দায়িত্ব পালনের সময়ে তাদের মধ্যে সংযোগের অনুভূতি ছিল সেটা বজায় রাখার সুযোগ করে দিতে এসব জায়গা অপরিহার্য। যদিও আমরা কখনোই তাদের সেবার ঋণ পরিশোধ করতে পারবো না, আমি আনন্দিত যে এই নতুন আইনটির মাধ্যমে আমরা তাদেরকে সহায়তা করতে পারবো। আমার অ্যাসেম্বলি পার্টনার, অ্যাসেম্বলি সদস্য নাদের সায়েঘ, এবং গভর্নর ক্যাথি হোকলকে এই প্রচেষ্টায় সহায়তা করার জন্য ধন্যবাদ জানাই।"

সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ বলেন, "আমাদের ভেটেরানরা তাদের যুদ্ধ সংক্রান্ত অবস্থা নির্বিশেষে অনেক বেশি ধন্যবাদ পাওয়ার অধিকারী। যখন তারা দেশে ফিরে আসেন এবং সরকারের বিভিন্ন পর্যায়ে কাজ করার মাধ্যমে জনগণের সেবা করা অব্যাহত রাখেন, তাদের জন্য সেবায় নিয়োজিত থাকাকে সহজতর করতে আমাদের উচিত তাদের জন্য একই সুযোগ-সুবিধার ব্যবস্থা করে দেয়া। এই বিষয়টিকে অগ্রাধিকার দেয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

সিনেটর পিটার হারখাম বলেন, "আমাদের ভেটেরান ও তাদের পরিবারের সদস্যরা ফেডারেল ও স্টেট আইন অনুযায়ী লভ্য সকল উচ্চ-মানের সুযোগ-সুবিধা পাওয়ার অধিকার রাখেন। স্বাস্থ্যসেবা প্রদানকারী ও আবাসন সেবা প্রদানকারীদের জন্য তাদের ভর্তি ফরমে কোনো ব্যক্তির ভেটেরান হওয়া সম্পর্কিত অবস্থা অন্তর্ভুক্ত করা নিশ্চিত করা আমার বিলটিতে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। অনেকের জন্য, এটি স্বাস্থ্যসেবা কভারেজের লভ্যতা বৃদ্ধি করবে এবং যথাযথ পরিষেবাগুলোর জন্য উপযুক্ততা নির্ণয় করতে সাহায্য করবে—একটি সাধারণ প্রশ্ন যা আমাদের ভেটেরানদের কল্যাণে সহায়তা করবে এবং দীর্ঘ মেয়াদে জীবন রক্ষা করবে।"

সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "সশস্ত্র বাহিনীতে আমাদের দেশের সেবায় নিয়োজিত থাকা মহিলারা একটি কৃতজ্ঞ কমিউনিটির শ্রদ্ধার চেয়ে বেশি কিছু অর্জন করেছেন, তাদের বাড়িতে ফিরে আসার পরে তাদেরকে সহায়তা করবে এমন কর্মসূচি ও পরিষেবায় অ্যাক্সেস পাওয়ার অধিকার তারা অর্জন করেছেন। প্রায় ক্ষেত্রেই, মহিলা ভেটেরানরা তাদের জন্য লভ্য পরিষেবাগুলো অ্যাক্সেস করতে প্রতিবন্ধকতার সম্মুখীন হন, এবং আমাদের হিরোদের সবাইকে সেবা দেয়ার ক্ষেত্রে সরকার হিসেবে আমাদের আরো ভালোভাবে দায়িত্ব পালন করার প্রয়োজন

রয়েছে। স্টেটব্যাপী মহিলা ভেটেরানদের সহায়তা ও সমর্থন প্রদানের জন্য নিউ ইয়র্কের প্রথম আনুষ্ঠানিক মহিলা ভেটেরানদের জন্য পরামর্শক কমিটি গঠনকারী আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত, এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করা এবং আমাদের কোনো ভেটেরান যাতে ফাঁকফোঁকর দিয়ে বাদ পড়ে না যান তা নিশ্চিত করায় আমি গভর্নর ক্যাথি হোকলের প্রতি কৃতজ্ঞ।"

সিনেটর এলাইজাহ রেইখলিন-মেলনিক বলেন, "নিউ ইয়র্ক ভেটেরানদের সম্মান করে এবং এখানে পুরো দেশের মধ্যে ভেটেরানদের জন্য সবচেয়ে শক্তিশালী কিছু সহায়তামূলক কর্মসূচি রয়েছে। দুর্ভাগ্যবশত, বহু ভেটেরান তাদের জন্য লভ্য বিস্তৃত পরিসরের পরিষেবা, সহায়তা, ও সুযোগ-সুবিধা সম্পর্কে সচেতন নন। আমি এই বিলের পৃষ্ঠপোষকতা করতে পেরে গর্বিত যা DMV-এর জন্য ভেটেরানদেরকে নিউ ইয়র্কে তাদের জন্য লভ্য কর্মসূচিগুলো বুঝতে সাহায্য করাকে আবশ্যক করেছে, এবং DMV-এর জন্য ভেটেরানদের যোগাযোগের তথ্য ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস-এর কাছে পৌঁছে দেয়াও আবশ্যক করেছে। যদিও ভেটেরানদের কাছে পৌঁছানোর জন্য এখনো অনেক কিছু করার আছে, টুলবক্সের এই নতুন টুল আরো বেশি সংখ্যক ভেটেরানকে তাদের প্রাপ্য সুযোগ-সুবিধা ও পরিষেবার সাথে সংযুক্ত হতে সাহায্য করবে। অ্যাসেম্বলিতে এই বিলটি উত্থাপন করায় অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইটজের প্রতি এবং এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করায় গভর্নর হোকলের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

সিনেটর জেমস স্কোউফিস বলেন, "আমরা ইতোমধ্যে আমাদের সামরিক বাহিনীর সদস্যদের কাছে অনেক বেশি কিছু চেয়ে থাকি, এবং তাদের পরিবারগুলোর স্থিতিশীল ও সহায়তাপ্রাপ্ত অনুভব করা নিশ্চিত করতে তাদের দৌড়-ঝাঁপ করার প্রয়োজন হওয়া উচিত নয়। শিক্ষার্থীদের জন্য তাদের পোস্টে পৌঁছানোর আগেই স্কুলে নিবন্ধন করার সুযোগ করে দেয়ার মাধ্যমে, আমরা তাদের ভবিষ্যত সাফল্যের পথ নির্মাণ করছি। আমাদের সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোর প্রতি ন্যায়সঙ্গত আচরণের জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

সিনেটর রব ওর্ট বলেন, "আফগানিস্তানে অপারেশন এনডিউরিং ফ্রিডম (Operation Enduring Freedom)-এর একজন ভেটেরান হিসেবে, আমি আমাদের দেশের সেবা করতে গিয়ে আমাদের ভেটেরানরা ও তাদের পরিবারগুলো যে ত্যাগ স্বীকার করেছে সে সম্পর্কে আমার প্রত্যক্ষ জ্ঞান রয়েছে। একটি স্টেট হিসেবে আমাদের জন্য এখানে নিজ দেশে সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোকে প্রয়োজনীয় সংস্থান প্রদান করা এবং আমাদের সশস্ত্র বাহিনী থেকে বের হয়ে আসার পরে ভেটেরানদের সফল হওয়ার প্রতিটি সুযোগ কাজে লাগাতে আমাদের সহায়তা করার বিষয়টি নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ আইনগুলোর মধ্যে দুইটি আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত এবং আমাদের ভেটেরানদেরকে তাদের সামরিক বাহিনী ত্যাগ করার পরের ক্যারিয়ারে সাহায্য করার উপর জোর দেয়ায় নিউ ইয়র্ক স্টেটকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "ঐতিহাসিক কাল থেকে আমরা ভেটেরান দিবসে আমাদের দেশের প্রতিরক্ষার জন্য ত্যাগ স্বীকার করা সামরিক বাহিনীর সদস্য ও তাদের

পরিবারদের প্রতি সম্মান জানিয়ে আসছি, তাই আমি বিশেষভাবে আনন্দিত যে MERIT স্কলারশিপ কর্মসূচির উপযুক্ততা সম্প্রসারণের জন্য আমার উত্থাপন করা আইনের পাশাপাশি NYS আইনের অধীনে ভিয়েতনাম যুদ্ধ শুরুর তারিখ 28 ফেব্রুয়ারি, 1961 থেকে পরিবর্তন করে 1 নভেম্বর, 1955 করার আইনে স্বাক্ষর করে তাদের সেবাদানকে নিউ ইয়র্ক স্টেটের আরো একবার স্বীকার করে নেয়ার জন্য গভর্নর হোকল আজকের দিনটিকে বেছে নিয়েছেন। এই উভয় বিল আমাদের আরো বেশি সংখ্যক ভেটেরান ও তাদের পরিবারকে স্টেটের গুরুত্বপূর্ণ সুবিধাসমূহ অ্যাক্সেস করার সুযোগ প্রদান করবে। গুরুতরভাবে ও স্থায়ীভাবে অক্ষম হয়ে যাওয়া ভেটেরান এবং তাদের উপর নির্ভরশীলদের, MIA হিসেবে গণ্য হওয়া বাহিনীর সদস্যদের উপর নির্ভরশীলদের, এবং আরো বেশি গোল্ড স্টার পরিবারের জন্য উপযুক্ততা বৃদ্ধি করতে MERIT স্কলারশিপ সম্প্রসারণের কাজটি অনেক দিন ধরে পড়ে ছিল। আমি আশাবাদী যে এসব পরিবর্তন ইতোমধ্যে এক অবিশ্বাস্য চড়া মূল্য পরিশোধ করা আমাদের ভেটেরানদের ও তাদের পরিবারের সদস্যদের তাদের শিক্ষার স্বপ্ন বাস্তবায়ন করতে উৎসাহিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাবেট, জুনিয়র বলেন, "সিভিল সার্ভিসে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে ক্রেডিট অর্জনের জন্য সব ভেটেরানকে সমান সুযোগ প্রদানকারী আইনের পৃষ্ঠপোষক হতে পেরে আমি গর্বিত। আমাদের চমৎকার এই জাতির সেবা ও সুরক্ষার জন্য স্বেচ্ছাসেবী হওয়া আমাদের সাহসী পুরুষ ও মহিলারা এসব সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী। এই বিলটিতে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য এডওয়ার্ড ব্রাউনস্টেইন বলেন, "এই ভেটেরান দিবসে আমাদের দেশের সেবায় নিয়োজিতদের প্রতি সম্মান প্রদর্শন করার এই সময়ে, সামরিক বাহিনীর সদস্যদের পরিবারের জন্য স্কুলে তালিকাভুক্ত হওয়া সহজতর করার বিলটি স্বাক্ষরিত হয়ে আইনে পরিণত হতে দেখে আমি গর্বিত। এই আইন সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোর স্কুলে ভর্তির ক্ষেত্রে সম্মুখীন হওয়া অনন্য চ্যালেঞ্জগুলো দূর করতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক স্টেটকে নিজেদের ঠিকানা মনে করার সময়ে তাদের শিশুদের সম্ভাব্য সেরা শিক্ষার অভিজ্ঞতা প্রদান করবে। এই বিলটি স্বাক্ষর করায় গভর্নর হোকলকে এবং এই প্রচেষ্টায় তার অংশীদারিত্বের জন্য সিনেটর স্কোউফিসকে আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিঅ্যান বাটেনস্কন বলেন, "আজ আইন হিসেবে স্বাক্ষরিত হওয়া আমার বিলটি সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোর উচ্চাকাঙ্ক্ষী শিক্ষার্থীদের জন্য সাশ্রয়ী, মানসম্মত উচ্চ শিক্ষা অর্জনের একটি পথ গড়তে সাহায্য করছে। সামরিক বাহিনীর বহু সদস্য ও তাদের প্রিয়জনরা স্থানান্তরিত হওয়ার সাথে পরিচিত, কিন্তু এসব পরিস্থিতিতে কোনো শিক্ষার্থীকে হঠাৎ করে তাদের শিক্ষা সংক্রান্ত পরিকল্পনা পরিবর্তন করতে অথবা স্টেটের বাইরে ব্যয়বহুল শিক্ষার খরচ পরিশোধ করতে বলা একেবারেই অন্যায্য একটি ব্যাপার। আমাদের সশস্ত্র বাহিনীর সদস্যরা ও তাদের পরিবারগুলো আমাদের জাতির জন্য প্রচণ্ড ত্যাগ স্বীকার করে থাকে এবং তাদের সফল হওয়ার প্রতিটি সুযোগ পাওয়ার অধিকার রয়েছে। আমি তাদেরকে সমর্থন করা এবং তাদের ন্যায়সঙ্গতভাবে অর্জিত সংস্থানগুলো পাওয়ার জন্য লড়াই করা অব্যাহত রাখবো।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন, "দুর্ভাগ্যবশত, আমাদের সামরিক বাহিনীর ভেটেরানরা প্রায় ক্ষেত্রেই তাদের জন্য লভ্য পরিষেবাগুলোর পূর্ণ সুবিধা গ্রহণ করেন না। যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে সেবায় নিয়োজিত থাকা আমাদের ভেটেরানদের বিভিন্ন ধরনের অনেক সংস্থান পাওয়ার অধিকারী করেছে যা অত্যন্ত সহায়ক হতে পারে। সচেতনতার অভাবে অথবা অ্যাক্সেসের অভাবে এসব সংস্থানের অনেকগুলোই অব্যবহৃত থেকে যায়। আবাসিক ফ্যাসিলিটিগুলোর জন্য তাদের ভর্তি ফরমে অতীতে সামরিক বাহিনীতে দায়িত্ব পালন করা সম্পর্কে জিজ্ঞেস করার বিষয়টি এসব ফ্যাসিলিটিতে ভর্তি হতে যাওয়া সব ভেটেরানকে শনাক্ত করা ও তাদের জন্য লভ্য সংস্থান ও পরিষেবাগুলোতে তাদেরকে অ্যাক্সেস প্রদান করা নিশ্চিত করবে। আমাদের ভেটেরানরা আমাদের দেশের জন্য অনেক বেশি ত্যাগ স্বীকার করেছেন ও দায়িত্ব পালন করেছেন এবং তাদেরকে তাদের প্রয়োজনীয় সংস্থানগুলো প্রদান করা আমাদের দায়িত্ব। ভেটেরান দিবস উদযাপন করার এই সময়ে আমাদেরকে সেবা প্রদান করা ব্যক্তিদের সেবা সেয়ার অঙ্গীকারাবদ্ধতা শেয়ার করে এই আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইটজ বলেন, "অনেক সময়েই ভেটেরানরা তাদের জন্য লভ্য সুবিধাগুলো সম্পর্কে অসচেতন বা অনিশ্চিত থাকেন। এরা হলেন এমন ব্যক্তি যারা সাহসের সাথে আমাদের জাতির সেবায় নিয়োজিত ছিলেন, এবং ভেটেরানদের জন্য আমাদের ফেডারেল ও স্টেট সরকারের প্রদান করা সংস্থানগুলো সম্পর্কে তাদের প্রত্যেকের সচেতন হওয়া নিশ্চিত করতে আমাদের সাধ্যমতো সবকিছু করা উচিত। নিজেদের স্টেট আইডি কার্ডে ভেটেরান হিসেবে খেতাব পাওয়ার অনুরোধকারী প্রত্যেক ব্যক্তিকে এই তথ্য প্রদান করার জন্য DMV-কে দায়িত্ব প্রদান করাটা একটি সাধারণভাবে বিবেচ্য বিষয়। উভয় চেম্বারে সর্বসম্মতভাবে পাস হওয়া আমার আইনটি গভর্নর হোকলের দ্বারা স্বাক্ষর হয়ে আইনে পরিণত হয়েছে দেখে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথিল্ডে ফ্রনটাস বলেন, "সামরিক বাহিনীর সদস্যরা ও তাদের পরিবার আমাদের দেশের জন্য অনেক বেশি ত্যাগ স্বীকার করে থাকেন, যার মধ্যে প্রয়োজন হলে তাদের জীবনযাত্রা উপড়ে ফেলে দেশের অন্য কোনো স্থানে স্থানান্তর হতে ইচ্ছুক থাকার বিষয়টিও অন্তর্ভুক্ত থাকে। আমরা অন্তত তাদেরকে তাদের প্রাপ্য সহায়তা ও সুবিধাগুলো প্রদান করতে পারি। এই বিল আমাদের বেকারত্ব ব্যবস্থাপনার ক্ষেত্রে অলক্ষ্যে থেকে যাওয়া একটি ত্রুটি সংশোধন করবে এবং সামরিক বাহিনীর কোনো সদস্যের স্বামী বা স্ত্রী যিনি স্থানান্তর হওয়ার কারণে তার চাকরি ছেড়ে দিতে বাধ্য হয়েছেন তাকে একটি নতুন চাকরি খোঁজার সময় সুবিধাগুলো পেতে থাকার বিষয়টি নিশ্চিত করবে। এই বিল পাস করতে পেরে আমি গর্বিত এবং এই ভেটেরান দিবসে আমাদের সামরিক বাহিনীর হিরোদের প্রতি সম্মান দেখানোর এই সময়ে এই বিলটিতে গভর্নর হোকল স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করায় আমি রোমাঞ্চিত।"

অ্যাসেম্বলি সদস্য নাদের সায়েঘ বলেন, "ভেটেরানদের সংস্থাগুলো ভেটেরানদের সক্রিয়ভাবে দায়িত্ব পালনের সময়ে তারা কমিউনিটির অংশ হওয়ার যে অনুভূতি বোধ করতেন তারা যাতে সে অভিজ্ঞতা অনুভব করা অব্যাহত রাখতে পারেন তা নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একারণেই ওয়েস্টচেস্টার কাউন্টি আইন প্রণয়ন পরিষদকে নির্মাণ প্রকল্পগুলোর সাথে সম্পর্কিত অনেকগুলো ফি মওকুফ করে দেয়ার সক্ষমতা দেয়ার

মাধ্যমে নিজেদের ভবনের বড় ধরনের উন্নয়ন করার সময় ভেটেরান পোস্টকে সাহায্য করার এই আইনটিকে আমি পৃষ্ঠপোষকতা দিয়েছি। আমি সিনেটর শেলি মায়েরকে সিনেটে বিলটি সমর্থন করায় ধন্যবাদ জানাই এবং ভেটেরান দিবসে এই প্রস্তাবে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করায় গভর্নর ক্যাথি হোকলকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ স্টার্ন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ভেটেরানদের বিষয় সম্পর্কিত অ্যাসেম্বলি কমিটির সদস্য হিসেবে আমাদের চমৎকার এই দেশের সুরক্ষার জন্য এত বেশি ত্যাগ স্বীকারকারী সাহসী পুরুষ ও মহিলাদের জন্য ও তাদের সাথে এবং তাদের পরিবারগুলোর জন্য কাজ করতে পেরে আমি নিজেকে সৌভাগ্যবান বলে মনে করছি। একারণেই ভেটেরানদের ভালো বেতনের চাকরি খুঁজে নেয়া ও ধরে রাখায় সাহায্য করতে ভেটেরানদের কর্মসংস্থান বিষয়ক একটি টাস্ক ফোর্স তৈরি করার আইনকে সমর্থন করতে পেরে এবং আইনটি পাস করতে পেরে আমি অত্যন্ত গর্বিত। যখন একজন সৈনিক আমাদের দেশকে সুরক্ষিত রাখতে যান, তিনি বাড়ি ফিরে আসার পর তার জন্য অর্থপূর্ণ কর্মসংস্থান খুঁজে বের করাটা কঠিন হওয়া গ্রহণযোগ্য নয়। এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করায় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এবং আমাদের ভেটেরানরা যাতে তাদের প্রাপ্য স্বীকৃতি, সহায়তা ও পরিষেবা পায় তা নিশ্চিত করতে আমি দৃঢ় প্রতিজ্ঞ রয়েছি।"

অ্যাসেম্বলি সদস্য মনিকা ওয়ালেস বলেন, "আজ বাহিনীর সদস্যদের প্রায় প্রতি ছয় জনের মধ্যে একজন হলেন মহিলা, এবং আনুমানিক দুই মিলিয়ন মহিলা সম্মান ও মর্যাদার সাথে আমাদের দেশের সেবা করেছেন। বেসামরিক জীবনে ফিরে আসার পর এসব সাহসী হিরোদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো শনাক্ত ও মোকাবেলা করতে সাহায্য করায় আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। নিউ ইয়র্কে ভেটেরানদের কর্মসূচি ও পরিষেবাগুলো যাতে দায়িত্বের ডাকে সাড়া দেয়া মহিলাদের অনন্য চাহিদা পূরণ করে তা এই কমিটি নিশ্চিত করবে। এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, এবং সবসময়ের মতোই আমি আমাদের দেশের সুরক্ষার জন্য নিঃস্বার্থভাবে নিজেদের জীবন উৎসর্গকারী মহিলা ও পুরুষদেরকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন